

# উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটির সভা

অধিবেশন নংঃ ১১

সময়ঃ ১১.০০ ঘটিকায়

তাংঃ ০৭/০৭/২০২১ খ্রিঃ

স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়।

অধ্যকার সভা জনাব শর্মিলা রোজারিও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্ব সভার কাজ আরম্ভ করা হয়।  
নিম্নোক্ত আলোচ্যসূচী মোতাবেক সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচীঃ

ক. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

খ. বিআরডিবি'র চলমান কার্যক্রমের অবস্থা, সমস্যা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

গ. বিবিধ

আলোচ্যসূচী ক. সভায় সভাপতি মহোদয়ের অনুমোতি ক্রমে সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয়  
বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানোর পর তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী খ.বিআরডিবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ

আলোচ্যসূচীঃ সভার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব ইসরাত জাহান, বিআরডিবি'র বিভিন্ন উন্নয়ন মূলক  
কর্মসূচীর ঋণ আদায় এবং বিতরণের কর্মকান্ড সঠিকভাবে চলছে। তবে বিশ্ব মহামারী করোনার কারণে খেলাপী ঋণের  
পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে ২০২১-২২ অর্থ বছরে করোনার কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করা সম্ভব  
হয়নি। করোনার পরিস্থিতি স্বাভাবিক হলে সমবায়ীদের মাঝে পুরোদমে ঋণ বিতনের কার্যক্রম শুরু হবে। বিভাগীয়  
অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।

আলোচ্যসূচী গ.সমবায় কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ

আলোচ্যসূচীঃ সমবায় বিভাগ সমবায়ীদের আত্মকর্মসংস্থান, আত্মনির্ভরশীল হওয়ার জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করেন।  
সে আলোকে স্বাস্থ্যসম্মত বেকারী খাদ্য উৎপাদনের বিষয়ে সমবায় কর্মকর্তা প্রশিক্ষনের ব্যবস্থা করার প্রস্তাব করলে  
সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্যসম্মত বেকারী খাদ্য উৎপাদনের প্রশিক্ষণ প্রদানের জন্য সমবায়  
কর্মকর্তাকে একটি মানসম্মত প্রশিক্ষন প্রকল্প গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো।

সিদ্ধান্তঃ- সর্বসম্মতিক্রমে সমবায় কর্মকর্তাকে স্বাস্থ্যসম্মত বেকারী খাদ্য উৎপাদন প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব  
গৃহীত হয়।



(শর্মিলা রোজারিও)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি  
উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নংঃ ৪৭.৬২.৩৩.৩৪.০০০.১৮.০৪৮.১৭. ১৯৮

তারিখঃ ০৭/০৭/২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
- ৩। অফিস নথি।

৪৪২  
৭/৭/২১

ইসরাত জাহান

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
বিআরডিবি, কালীগঞ্জ, গাজীপুর।